

# যুগান্তর

১৭/১১

৪৮

তারিখ ... ২-৯-১৯৭১  
পৃষ্ঠা ৬ কলাম ... ২

## উত্তরাঞ্চলের শীর্ষ কলেজে আসন সংকট অখ্যাত কলেজে শিক্ষার্থীর অভাব

### রাজশাহী ব্যঙ্গো

রাজশাহী মহানগরীসহ উত্তরাঞ্চলের শীর্ষ কলেজগুলোতে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি নিয়ে মেধাবী ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকদের মধ্যে উৎসাহ-উৎকণ্ঠা দেখা দিয়েছে। এসএসসিতে গড় বয়সের তালময় এবার ভিপিএ-এ প্রাপ্ত ছাত্রছাত্রীর সংখ্যা বেশি হওয়ায় এ অবস্থার সৃষ্টি হয়েছে।

খোঁজ নিয়ে জানা গেছে, একদিকে শীর্ষ কলেজগুলো আসন সংকটের কারণে মেধাবী অনেক ছাত্রছাত্রীকে ভর্তি করতে পারছে না। অন্যদিকে আসন পূর্ণ থাকলেও অখ্যাত

কলেজগুলোর চাহিদা অনুসারে ছাত্রছাত্রী পাওতা যাচ্ছে না।

শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী প্রত্যেক কলেজের প্রতিটি শাখায় ১৫০ জন করে বেট ৪৫০ ছাত্রছাত্রী ভর্তি করা হবে। সে হিসেবে উত্তরাঞ্চলের সরকারি-বেসরকারি ১ হাজার ৯৩ কলেজে আসনসংখ্যা ৪ লাখ ৯১ হাজার ৮৫০। রাজশাহী মহানগরীর শীর্ষ কলেজগুলোর মধ্যে গতবারের মতো এবারও রাজশাহী নিউ গভ. ডিগ্রি কলেজে ১২শ' এবং সরকারি সিটি কলেজে ১২শ' ছাত্রছাত্রী ভর্তির সুযোগ পাবে। নিউ গভ. কলেজ : পৃষ্ঠা ২ : কলাম ৭

### কলেজ : উত্তরাঞ্চলের

(৩য় পৃষ্ঠার পর)

ডিগ্রি কলেজের বিজ্ঞান শাখায় ৬শ' মানবিকে ৩শ' ও বাণিজ্যে ২৫০ ছাত্রছাত্রী ভর্তির সুযোগ পাবে। সরকারি সিটি কলেজে বিজ্ঞান শাখায় ৬শ' মানবিকে ৩শ' ও বাণিজ্যে ৩শ' ছাত্রছাত্রী ভর্তির সুযোগ পাবে। এছাড়া সরকারি মহিলা কলেজের বিজ্ঞান ও মানবিক শাখায় ৪শ' ছাত্রী ভর্তির সুযোগ পাবে। উল্লেখ্য, এবারের এসএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে এসএসসিতে পাস করেছে ১ লাখ ২৪ হাজার ৭৯৬ ছাত্রছাত্রী। এর মধ্যে ভিপিএ-এ পেয়েছে ৬ হাজার ৯১০ ছাত্রছাত্রী।

একদিকে শীর্ষ কলেজগুলো আসন অনুপায়ত মেধাবী ছাত্রছাত্রীদের ভর্তি করতে পারছে না, অন্যদিকে ব্যাপক প্রচার-প্রসারণা চালিয়েও অনেক কলেজ কর্তৃপক্ষ ছাত্রছাত্রী ভর্তি করতে পারছে না। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে বলা হয়েছে, প্রত্যেক কলেজে সর্বনিম্ন ৩৩ জন করে ছাত্রছাত্রী ভর্তি করতে হবে। মন্ত্রণালয়ের বাধ্যতামূলক এ নির্দেশ পালনের জন্য অনেক কলেজ ব্যাপক প্রচার প্রচারণা চালিয়েও ভর্তির জন্য ছাত্রছাত্রী খুঁজে পাচ্ছে না। ফলে একদিকে শীর্ষ কলেজগুলো আসন সংকটের কারণে মেধাবী অনেক ছাত্রছাত্রী ভর্তি করতে পারছে না, অন্যদিকে আসন পূর্ণ থাকলেও অখ্যাত কলেজগুলোর চাহিদা অনুসারে ছাত্রছাত্রীর সংকট দেখা দেবে।